



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



## উপাচার্যের সাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কাউন্সিলিং সেন্টার এর মতবিনিময় সভা অনুষ্ঠিত



১২ জানুয়ারি ২০২৩-বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কাউন্সিলিং সেন্টারের সাথে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় জবি কাউন্সিলিং সেন্টার ও বিভিন্ন বিভাগে সদ্য নিয়োগপ্রাপ্ত ছাত্র উপদেষ্টাবৃন্দ শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সুরক্ষায় একত্রে কাজ করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়াও সভায় জবি কাউন্সিলিং সেন্টার পরিচালনা কমিটির আহবায়ক অধ্যাপক ড. নূর মোহাম্মদ ও সদস্য ড. সানজিদা খান গত এক বছরে শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



এসময় পরিচালক (ছাত্র-কল্যাণ) ও শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল এবং কাউন্সিলিং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ সহ অন্যরা উপস্থিত ছিলেন।